

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.০৪২.০১৪.০২৫.০২.০২৫.১৪.১০২

তারিখ: ০৫ মাঘ ১৪২৯  
১৯ জানুয়ারি ২০২৩

**বিষয়:** নোয়াখালী জেলা পরিষদ কর্তৃক চৌমুহনী চৌরাস্তায় নির্মাণাধীন বুলন্ত মার্কেট সম্প্রসারণের প্রস্তাব সংক্রান্ত।


- সূত্র:
১. জেলা পরিষদ, নোয়াখালী এর স্মারক ৪৬.৪২.৭৫০০.২০১.০৮.০০৫.১৯.১৩৬, তারিখ: ০৫ মে ২০১৯।
  ২. স্থানীয় সরকার বিভাগের স্মারক ৪৬.৪২.০১৪.২৫.০২.০২৫.২০১৯.১১৪৮, তারিখ: ০৭ জুলাই ২০১৯।
  ৩. জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী এর স্মারক ০৫.৪২.৭৫০০.০০৯.০৩.০১৭.২২.২০৪, তারিখ: ১৪ নভেম্বর ২০২২।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ ১নং পত্রের মাধ্যমে নোয়াখালী জেলা পরিষদ কর্তৃক চৌমুহনী চৌরাস্তায় নির্মাণাধীন বুলন্ত মার্কেট সম্প্রসারণ (উত্তর পার্শ্বে) কাজের অনুমোদন প্রদানের জন্য প্রস্তাব প্রেরণ করা হয়। সে প্রেক্ষিতে সূত্রস্থ ৩নং পত্রে চাহিত প্রতিবেদন দাখিল করা হয়। প্রতিবেদনে নিম্নরূপ উল্লেখ করা হয়েছে:

“উক্ত নির্দেশনার আলোকে রেকর্ডপত্র পর্যালোচনায় ও সরেজমিন দেখা যায়, ইতঃপূর্বে অনুমোদিত বুলন্ত মার্কেট নির্মাণের বিরুদ্ধে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৮৬৫০/২০১৭ বিচারাধীন রয়েছে এবং মহামান্য হাইকোর্ট বিভাগের বর্ণিত রিট পিটিশনের আদেশের উক্ত বুলন্ত মার্কেট নির্মাণের বিরুদ্ধে স্থগিতাদেশ প্রদান করা হয়েছে (কপি সংযুক্ত)। ফলে ইতঃপূর্বে অনুমোদিত বুলন্ত মার্কেটটি নির্মিত হয়নি। বর্ণিত অবস্থায়, বুলন্ত মার্কেটের সম্প্রসারিত অংশ হিসেবে মার্কেট নির্মাণের সুযোগ নেই। ইতঃপূর্বে অনুমোদিত বুলন্ত মার্কেট নির্মাণের বিষয়ে মহামান্য হাইকোর্ট বিভাগের নিষেধাজ্ঞা থাকায়, নতুন করে তার উত্তর পাশে মার্কেট নির্মাণের উদ্যোগ গ্রহণ করা হবে কিনা, এ বিষয়ে কর্তৃপক্ষের সদয় নির্দেশনা প্রয়োজন।”

২। এমতাবস্থায়, মাননীয় হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-৮৬৫০/২০১৭ মূলে নোয়াখালী জেলা পরিষদ কর্তৃক চৌমুহনী চৌরাস্তায় নির্মাণাধীন বুলন্ত মার্কেট নির্মাণের বিরুদ্ধে স্থগিতাদেশ থাকায় উক্ত মার্কেটটি উত্তর পার্শ্বে সম্প্রসারণ প্রস্তাবে নির্দেশক্রমে অসম্মতি (Disapproval) জ্ঞাপন করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।



এস এম নজরুল ইসলাম  
উপসচিব

ফোনঃ +৮৮০২২২৩৩৫৫৫৬৮  
ই-মেইলঃ [lgzp@lgd.gov.bd](mailto:lgzp@lgd.gov.bd)

প্রধান নির্বাহী কর্মকর্তা  
জেলা পরিষদ, নোয়াখালী।

অনুলিপি:

১. অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী।
৫. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশ করার জন্য)।
৭. সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, নোয়াখালী।